সরকারী কাজে ব্যবহারের জন্য

গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচী এর আওতায় প্রকল্প গ্রহণ, বাস্তবায়ন ও পরিবীক্ষণ পরিপত্র (আগষ্ট ২০০৯ পর্যন্ত সংশোধিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়

গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচী এর আওতায় প্রকল্প গ্রহণ, বাস্তবায়ন ও পরিবীক্ষণ পরিপত্র
(আগষ্ট ২০০৯ পর্যন্ত সংশোধিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য ও দুর্যোগ ব্যবসহাপনা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-খাদুব্যম/ত্রাক-১/১(১)/২০০৯-২০১০/২৭ তারিখ-২৩/০৮/২০০৯ খ্রিঃ

প্রেরকঃ মোহাম্মদ আবদুল ওয়াজেদ,
যুগ্ম-সচিব (দুঃ ব্যঃ),
খাদ্য ও দুর্যোগ ব্যবসহাপনা মন্ত্রণালয়।

প্রাপকঃ (১) জেলা প্রশাসক, ...(সকল)।
(২) উপজেলা নির্বাহী অফিসার,...(সকল)।

বিষয়ঃ গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচীর পরিপত্র।

	আগষ্ট/ ২০০৯ পর্যন্ত সংশোধিত পরিপত্র
১।	বিভিন্ন ছোট ছোট প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের মাধ্যমে সারাদেশে দরিদ্র/শ্রমিক/ বেকার জনসাধারনের কর্মসংস্থানসহ শিক্ষা ও জনকল্যাণমূলক প্রতিষ্ঠানের উন্নয়নের ব্যবস্থা গ্রহণের জন্য গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচীতে খাদ্যশস্য বরাদ্দ করা হইয়া থাকে। কর্মসংস্থান সৃষ্টির পাশাপাশি সমাজের অর্থনৈতিকভাবে অপেক্ষাকৃত দুর্বল ও দুঃস্থ জনগণের অংশগ্রহণে তাহাদের খাদ্য নিরাপত্তা নিশ্চিত করাও এই কর্মসূচীর অন্যতম উদ্দেশ্য।
২।	২। গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচীর অধীনে প্রাপ্ত সম্পদ খাদ্য ও দুর্যোগ ব্যবসহাপনা মন্ত্রণালয় হইতে এক বা একাধিক কিস্তিতে ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর বরাবর ন্যস্ত করা হইবে। ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর প্রাপ্ত সম্পদ দেশের সকল উপজেলা ও পৌরসভার অনুকূলে জনসংখ্যার ভিত্তিতে ৫০%, দুঃস্থ ও আয়তনের ভিত্তিতে যথাক্রমে ৩০% ও ২০% হারে সকল জেলা প্রশাসক বরাবরে থোক বরাদ্দ প্রদান করিবে।
৩।	(ক) জেলা প্রশাসক খাদ্যশস্য বরাদ্দ পাওয়ার পর পরই সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার/পৌরসভার মেয়র বরাবর জনসংখ্যার ভিত্তিতে ৫০%, দুঃস্থ ও আয়তনের ভিত্তিতে যথাক্রমে ৩০% ও ২০% হারে বরাদ্দ প্রদান করিবেন। উপজেলা নির্বাহী অফিসার/পৌরসভার মেয়র একই নিয়মে(জনসংখ্যার ভিত্তিতে ৫০%, দুঃস্থ ও আয়তনের ভিত্তিতে যথাক্রমে ৩০% ও ২০% হারে) ইউনিয়ন/ওয়ার্ড ভিত্তিক উপবরাদ্দ প্রদান করিবেন। বরাদ্দ পাওয়ার পর সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ ওয়ার্ড কাউন্সিলর প্রকল্প গ্রহণক্রমে প্রকল্প তালিকা ৭ (সাত) দিনের মধ্যে উপজেলা/পৌরসভা গ্রামীণ অবকাঠামো সংস্কার ও রক্ষণাবেক্ষণ কমিটির অনুমোদনের জন্য প্রেরণ করিবেন।
	(খ) মন্ত্রণালয়ের বিশেষ বিবেচনায় বিশেষ প্রকল্পে খাদ্যশস্য বরাদ্দ করা যাইবে।
৪।	(ক) উপজেলা/পৌরসভা কমিটি গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ কর্মসূচীর প্রকল্পসমূহ চূড়ান্ত করিবার পূর্বে সভার তারিখ নির্ধারণ করিবে। উক্ত সভায় উপস্থিত উপজেলা/ পৌরসভা গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ কমিটির অধিকাংশ সদস্যের উপস্থিতি ও মতামতের ভিত্তিতে চূড়ান্তভাবে প্রকল্প বাছাই করিতে হইবে।
	(খ) উপজেলা/পৌরসভা কমিটি প্রকল্পসমূহের তালিকা প্রণয়ন করিবে এবং ‘‘প্রকল্প বাস্তবায়ন কমিটি’’ অনুমোদন করিবে।
৫।	**গ্রামীণ অবকাঠামো সংস্কার ও রক্ষণাবেক্ষণ কর্মসূচীর জন্য বিভিন্ন কমিটির গঠন ও কার্যপ্রণালী নিম্নরূপ হইবেঃ**
	৫.১ । জেলা কর্ণধার কমিটিঃ ১। জেলার সকল মাননীয় সংসদ সদস্য — উপদেষ্টা ২। জেলা প্রশাসক — সভাপতি ৩। পুলিশ সুপার — সদস্য ৪। পৌর মেয়র (সকল) — সদস্য ৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল) — সদস্য ৬। উপ- পরিচালক, কৃষি সম্প্রসারণ বিভাগ — সদস্য ৭। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড — সদস্য

৮। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর — সদস্য
৯। জেলা খাদ্য নিয়ন্ত্রক — সদস্য
১০। জেলা মৎস্য কর্মকর্তা — সদস্য
১১। জেলা শিক্ষা কর্মকর্তা — সদস্য
১২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা(সকল) — সদস্য
১৩। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা — সদস্য-সচিব

কর্মপরিধিঃ

(ক) কমিটি উপজেলা/পৌরসভা গ্রামীণ অবকাঠামো সংস্কার ও রক্ষণাবেক্ষণ কমিটি কর্তৃক অনুমোদিত প্রকল্পের কাজ পরিবীক্ষণ, অগগ্রতি পর্যালোচনা ও মূল্যায়ন করিবে এবং মহাপরিচালক, ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তরে নিয়মিত প্রতিবেদন পেশ করিবে।

(খ) জেলার প্রকল্প সমূহের সমাপ্তি প্রতিবেদন ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তরে প্রেরণ করিবে।
(গ) কমিটি প্রতিমাসে কমপক্ষে একবার সভায় মিলিত হইবে।

৫.২। উপজেলা গ্রামীণ অবকাঠামো সংস্কার ও রক্ষণাবেক্ষণ কমিটিঃ

১। সহানীয় মাননীয় সংসদ সদস্য — উপদেষ্টা
২। উপজেলা চেয়ারম্যান — সভাপতি
৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা — সহ সভাপতি
৪। উপজেলা ভাইস চেয়ারম্যান — সদস্য
৫। উপজেলা প্রকৌশলী — সদস্য
৬। উপজেলা কৃষি কর্মকর্তা — সদস্য
৭। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা — সদস্য
৮। উপজেলা সমাজসেবা কর্মকর্তা — সদস্য
৯। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা — সদস্য
১০। উপজেলা মৎস্য কর্মকর্তা — সদস্য
১১। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক — সদস্য
১২। উপ-সহকারী প্রকৌশলী (জ. স্বা. প্র) — সদস্য
১৩। উপজেলার সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান — সদস্য
১৪। উপজেলার ২জন গণ্যমান্য ব্যক্তি, ১জন শিক্ষক ও ১ জন মহিলা (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) — সদস্য
১৫। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা — সদস্য-সচিব

কর্মপরিধিঃ

১। কমিটি প্রকল্প গ্রহণের ক্ষেত্রে স্থানীয় মাননীয় সংসদ সদস্যের সাথে পরামর্শ করিবে।

২। কমিটি ইউনিয়ন গ্রামীণ অবকাঠামো সংস্কার ও রক্ষণাবেক্ষণ কমিটি কর্তৃক দাখিলকৃত প্রকল্পের অগ্রাধিকার তালিকা প্রণয়নপূর্বক বাস্তবায়নের জন্য অনুমোদন করিবে।

৩। কমিটি প্রকল্পসমূহের বরাদ্দকৃত খাদ্যশস্যের ব্যবহার নিশ্চিত করিবে।

৪। কমিটি প্রতি মাসে প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতির উপর প্রতিবেদন প্রস্তত করিয়া জেলা কর্ণধার কমিটির নিকট প্রেরণ করিবে।

৫। বাস্তবায়িত প্রকল্পসমূহের সমাপ্তি প্রতিবেদন জেলা কর্ণধার কমিটির নিকট এবং ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তরে প্রেরণ করিবে।

৫.৩। পৌরসভা গ্রামীণ অবকাঠামো সংস্কার ও রক্ষণাবেক্ষণ কমিটিঃ-

১। সহানীয় মাননীয় সংসদ সদস্য — উপদেষ্টা
২। মেয়র, পৌরসভা — সভাপতি
৩। কাউন্সিলর পৌরসভা (সকল) — সদস্য
৪। পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তা — সদস্য
৫। পৌরসভার ২জন বিশিষ্ট ব্যক্তি, ১জন মহিলা ও ১ জন শিক্ষক (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) — সদস্য
৬। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক — সদস্য
৭। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা — সদস্য
৮। সচিব,পৌরসভা — সদস্য
৯। নির্বাহী/সহকারী প্রকৌশলী, পৌরসভা — সদস্য সচিব

কর্মপরিধিঃ
১। কমিটি কাউন্সিলর কর্তৃক দাখিলকৃত প্রকল্পের অগ্রাধিকার তালিকা প্রণয়নপূর্বক সুপারিশসহ তা জেলা কর্ণধার

	কমিটিতে অনুমোদনের জন্য প্রেরণ করিবে। ২। কমিটি প্রকল্পসমূহের বরাদ্দকৃত খাদ্যশস্যের ব্যবহার নিশ্চিত করিবে। ৩। কমিটি প্রতি মাসে প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতির উপর প্রতিবেদন প্রস্তুত করিয়া জেলা কর্ণধার কমিটির নিকট এবং ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তরে প্রেরণ করিবে। ৪। বাস্তবায়িত প্রকল্পসমূহের সমাপ্তি প্রতিবেদন জেলা কর্ণধার কমিটির নিকট এবং ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তরে প্রেরণ করিবে।
	৫.৪ ইউনিয়ন গ্রামীণ অবকাঠামো সংস্কার ও রক্ষণাবেক্ষণ কমিটিঃ ১। চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ — সভাপতি ২। ইউনিয়ন পর্যায়ের সকল সদস্য/সদস্যা — সদস্য ৩। ইউনিয়ন কৃষি সহকারী (বল্গক সুপারভাইজার) — সদস্য ৪। ইউনিয়ন পরিষদ পরিকল্পনা সহকারী — সদস্য ৫। বিআরডিবি মাঠ সহকারী — সদস্য ৬। ইউনিয়নের ১ জন শিক্ষক ও ১ জন মহিলাসহ ৪ জন গণ্যমান্য ব্যক্তি/সমাজকর্মী (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) — সদস্য ৭। ইউনিয়ন পরিষদ সচিব — সদস্য সচিব
	কর্মপরিধিঃ ১। কমিটি সদস্য/সদস্যা কর্তৃক দাখিলকৃত প্রকল্পের অগ্রাধিকার তালিকা প্রণয়নপূর্বক সুপারিশসহ তা উপজেলা গ্রামীণ অবকাঠামো সংস্কার ও রক্ষণাবেক্ষণ কমিটিতে অনুমোদনের জন্য প্রেরণ করিবে। ২। কমিটি প্রকল্পসমূহের বরাদ্দকৃত খাদ্যশস্যের ব্যবহার নিশ্চিত করিবে। ৩। কমিটি প্রতি মাসে প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতির উপর প্রতিবেদন প্রস্তুত করিয়া উপজেলা গ্রামীণ অবকাঠামো সংস্কার ও রক্ষণাবেক্ষণ কমিটির নিকট প্রেরণ করিবে। ৪। বাস্তবায়িত প্রকল্পসমূহের সমাপ্তি প্রতিবেদন উপজেলা গ্রামীণ অবকাঠামো সংস্কার ও রক্ষণাবেক্ষণ কমিটির নিকট প্রেরণ করিবে।
৬।	প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠনঃ
	(ক) প্রত্যেক প্রকল্পের জন্য ৫-৭ সদস্য বিশিষ্ট একটি প্রকল্প বাস্তবায়ন কমিটি সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ /পৌরসভা কমিটি কর্তৃক গঠিত হইবে। গঠিত কমিটি নির্ধারিত ছকে (সংলগ্নী-২) সভার কার্যবিবরণীর অনুলিপিসহ কমিটির রূপরেখা সংশ্লিষ্ট কতর্পৃক্ষের নিকট দাখিল করিবে। প্রকল্প বাস্তবায়ন কমিটির চেয়ারম্যান সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/গণ্যমান্য ব্যক্তি/সদস্য/মহিলা সদস্য/পৌরসভার ক্ষেত্রে ওয়ার্ড কাউন্সিলর হইতে হইবে। তবে কোন কারণে সংশ্লিষ্ট চেয়ারম্যান/গণ্যমান্য ব্যক্তি/সদস্য/মহিলা সদস্য/ কাউন্সিলর অনুপস্থিত থাকিলে ইউনিয়ন পরিষদ /পৌরসভার সিদ্ধান্তের মাধ্যমে অন্য কোন **গণ্যমান্য ব্যক্তি/** সদস্য/মহিলা সদস্য/কাউন্সিলরকে প্রকল্প কমিটির চেয়ারম্যান মনোনয়ন দেওয়া যাইবে। একই অর্থ বৎসরে কোন ব্যক্তি তিনটির অধিক প্রকল্পের চেয়ারম্যান হইতে পারিবেন না। একই অর্থ বৎসরে কোন ইউনিয়ন/ পৌরসভায় তিনটির অধিক প্রকল্প থাকিলে কমপক্ষে এক চর্তুথাংশ প্রকল্পের চেয়ারম্যান সংশ্লিষ্ট মহিলা সদস্য/কাউন্সিলরদের মধ্য হইতে করিতে হইবে।
	(খ) জনকল্যাণমূলক প্রতিষ্ঠানের প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পরিচালনা কমিটি/ গর্ভনিং বডির সদস্যদের মধ্য হইতে ৫-৭ সদস্যের একটি প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন করিতে হইবে। প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানকে এই প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতি/সদস্য সচিব করা যাইবে। উপজেলা/পৌরসভা গ্রামীণ অবকাঠামো সংস্কার ও রক্ষণাবেক্ষণ কমিটির প্রত্যক্ষ নিয়ন্ত্রণে প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) প্রকল্প বাস্তবায়নের কাজ করিবে।
৭।	বিশেষ বরাদ্দঃ-
	(ক) সরকার মাননীয় সংসদ সদস্যগণের নির্বাচনী এলাকা ভিত্তিক গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচীর আওতায় বিশেষ বরাদ্দ প্রদান করিতে পারিবে। বরাদ্দের ন্যূনতম ৫০% আবশ্যিকভাবে জনকল্যাণমূলক প্রতিষ্ঠানের উন্নয়নকল্পে ব্যবহার করিতে হইবে। (খ) গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচীর আওতায় মাননীয় সংসদ সদস্যগণের বরাবরে বিশেষ বরাদ্দের ক্ষেত্রে প্রকল্প বাছাই, গ্রহণ, বরাদ্দ ও পিআইসি গঠন মাননীয় সংসদ সদস্যের অনুমোদনক্রমে হইতে হইবে। এ ক্ষেত্রে নিম্নরূপ ব্যবসহা গ্রহণ করিতে হইবেঃ (১) মাননীয় সংসদ সদস্য কর্তৃক গঠিত প্রকল্প কমিটিতে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সদস্য/ মহিলা সদস্য/পৌরসভা/সিটি কর্পোরেশনের ক্ষেত্রে যথাক্রমে ওয়ার্ড কাউন্সিলর/ওয়ার্ড কমিশনার অথবা এলাকার যে কোন সমাজকর্মী কিংবা একজন গণ্যমান্য ব্যক্তিকে প্রকল্পের চেয়ারম্যান করা যাইবে। গঠিত কমিটির সদস্য সংখ্যা হইবে ৫-৭ জন। কমিটির অন্যান্য সদস্যের মধ্যে ইউ,পি সদস্য/মহিলা সদস্য/ওয়ার্ড কাউন্সিলর/ওয়ার্ড কমিশনার ছাড়াও একজন স্কুল শিক্ষক (বেসরকারী)/ মসজিদের ইমাম/সমাজকর্মী/গণ্যমান্য ব্যক্তি থাকিতে পারিবেন। স্কুল/ কলেজ/ মসজিদ/ মাদ্রাসা/ মন্দির/ এতিমখানা ও অন্যান্য সমাজ কল্যাণমূলক প্রতিষ্ঠানের

	প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পরিচালনা কমিটি/ গভর্নিং বডির সদস্যদের মধ্য হইতে ৫-৭ সদস্যের একটি প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন করিতে হইবে। প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধান এই প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতি/ সদস্য সচিব হইবেন। (২) অনুমোদিত প্রকল্প বাস্তবায়ন কমিটির চেয়ারম্যান/সদস্য-সচিব পণ্য অধিযাচন ফরম (সংলগ্নী-৩) এর মাধ্যমে গম/চাউল এর জন্য উপজেলা/পৌরসভা/সিটি কর্পোরেশনের ক্ষেত্রে ঢাকা সিটি কর্পোরেশন ব্যতীত উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার নিকট চাহিদা পত্র দাখিল করিবেন। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা চাহিদা মোতাবেক যথার্থতা যাচাই পূর্বক গম/চাউল প্রদানের সুপারিশসহ উপজেলা ও পৌরসভার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার এবং সিটি কর্পোরেশনের ক্ষেত্রে ঢাকা সিটি কর্পোরেশন ব্যতীত জেলা প্রশাসক এর নিকট প্রস্তাব পেশ করিবেন। সেই মোতাবেক উপজেলা ও পৌরসভার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার এবং সিটি কর্পোরেশনের ক্ষেত্রে জেলা প্রশাসক খাদ্যশস্য ছাড় করিবেন (ডিও প্রদান করিবেন)। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা উপজেলা/পৌরসভা/সিটি কর্পোরেশনের প্রকল্পসমূহ প্রণয়ন, বাস্তবায়ন, তদারকী, প্রতিবেদন দাখিল ও হিসাব সংরক্ষণ করিবেন। (৩) ঢাকা সিটি কর্পোরেশনের ক্ষেত্রে অনুমোদিত প্রকল্প বাস্তবায়ন কমিটির চেয়ারম্যান পণ্য অধিযাচন ফরম (সংলগ্নী-৩) এর মাধ্যমে গম/চাউল এর জন্য পিআইও,তেজগাঁও এর নিকট চাহিদা পত্র দাখিল করিবেন। পিআইও, তেজগাঁও সার্কেল উহার যথার্থতা যাচাই পূর্বক অর্পনাদেশ জারী করিবার জন্য সুপারিশসহ সার্কেল অফিসার (উন্নয়ন), তেজগাঁও সার্কেলের নিকট প্রস্তাব পেশ করিবেন। সার্কেল অফিসার (উন্নয়ন), তেজগাঁও সার্কেল অনুমোদিত প্রকল্পের বিপরীতে গম/চাউল এর অর্পনাদেশ জারী করিবেন।
৮।	প্রকল্প কমিটির সদস্য হওয়ার অযোগ্যতা ও প্রকল্প বাস্তবায়ন কমিটি বাতিলঃ কোন ব্যক্তির বিরুদ্ধে ইতোপূর্বে কাবিখা/টিআর/ভি জি ডি/ভি জি এফ বা রিলিফ কার্যক্রমের গম/চাউল আত্মসাতের কোন অভিযোগ থাকিলে, তাহাকে প্রকল্প বাস্তবায়ন কমিটিতে অন্তর্ভুক্ত করা যাইবে না। প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে যদি প্রকল্প বাস্তবায়ন কমিটির চেয়ারম্যান/সদস্যের বিরুদ্ধে অভিযোগ পাওয়া যায়, তবে সেই ক্ষেত্রে অভিযুক্ত ব্যক্তিকে বাদ দিয়া নূতনভাবে অন্য একজন যোগ্য ব্যক্তিকে কমিটির চেয়ারম্যান/সদস্য করা যাইবে এবং প্রয়োজনে নূতনভাবে প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন করা যাইবে।
৯।	**খাদ্য উত্তোলন আদেশ প্রদানঃ** অনুমোদিত প্রকল্প বাস্তবায়ন কমিটির চেয়ারম্যান পণ্য অধিযাচন ফরম (সংলগ্নী-৩) এর মাধ্যমে গম/চাউলের জন্য উপজেলা/পৌরসভা/সিটি কর্পোরেশনের ক্ষেত্রে ঢাকা সিটি কর্পোরেশন ব্যতীত উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার নিকট চাহিদা পত্র দাখিল করিবেন। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা চাহিদা মোতাবেক যথার্থতা যাচাই পূর্বক গম/চাউল প্রদানের সুপারিশসহ উপজেলা নির্বাহী অফিসার এবং সিটি কর্পোরেশনের ক্ষেত্রে জেলা প্রশাসক এর নিকট প্রস্তাব পেশ করিবেন। সেই মোতাবেক উপজেলা ও পৌরসভার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার এবং সিটি কর্পোরেশনের ক্ষেত্রে জেলা প্রশাসক খাদ্যশস্য ছাড় করিবেন (ডি,ও প্রদান করিবেন)। উপজেলা নির্বাহী অফিসার / জেলা প্রশাসক এর অনুপস্থিতিতে বা অক্ষমতাজনিত কারণে সম্পদ উত্তোলনের আদেশ জারী করা সম্ভব না হলে ভারপ্রাপ্ত উপজেলা নির্বাহী অফিসার/ ভারপ্রাপ্ত জেলা প্রশাসক ডি,ও স্বাক্ষর করিবেন। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা উপজেলা/পৌরসভা/সিটি কর্পোরেশনের প্রকল্পসমূহ প্রণয়ন, বাস্তবায়ন, তদারকী, প্রতিবেদন দাখিল ও হিসাব সংরক্ষণ করিবেন। গৃহীত প্রকল্পসমূহ সঠিক বাস্তবায়নের জন্য উপজেলা গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ কমিটি দায়ী থাকিবে। ঢাকা সিটি কর্পোরেশনের ক্ষেত্রে অনুমোদিত প্রকল্প বাস্তবায়ন কমিটির চেয়ারম্যান পণ্য অধিযাচন ফরম (সংলগ্নী-৩) এর মাধ্যমে গম/চাউল এর জন্য পিআইও, তেজগাঁও এর নিকট চাহিদা পত্র দাখিল করিবেন। পিআইও, তেজগাঁও উহার যথার্থতা যাচাই পূর্বক অর্পনাদেশ জারী করিবার জন্য সুপারিশসহ সার্কেল অফিসার (উন্নয়ন), তেজগাঁও সার্কেলের নিকট প্রস্তাব পেশ করিবেন। সার্কেল অফিসার (উন্নয়ন), তেজগাঁও সার্কেল অনুমোদিত প্রকল্পের বিপরীতে গম/চাউলের অর্পনাদেশ জারী করিবেন। কোন প্রকল্পের বরাদ্দ ২ মেঃ টন বা ততোধিক হইলে তাহা কিস্তিতে প্রদান করিতে হইবে। একাধিক কিস্তির ক্ষেত্রে পূর্ববর্তী কিস্তির সম্পদের মাষ্টার রোল সমন্বয় করা ছাড়া পরবর্তী কিস্তির সম্পদ ছাড় করা যাইবে না।
৯.১	বরাদ্দকৃত গম/চাউল নগদায়নঃ শিক্ষা প্রতিষ্ঠানসহ জনকল্যাণমূলক প্রতিষ্ঠানসমূহ উন্নয়ন/মেরামত, জনস্বাস্থ্য (ল্যাট্রিন ও কমিউনিটি ল্যাট্রিন) এবং পরিবেশ উন্নয়নকল্পে জনহিতকর কার্য সম্পাদন ইত্যাদি কাজের জন্য প্রকল্পে বরাদ্দকৃত খাদ্যশস্যের ১০০% বিক্রয় করা যাইবে। এতদ্ব্যতীত বাঁশ/কাঠের সাঁকো নির্মাণ প্রভৃতি প্রকল্পের জন্য বাঁশ,কাঠ, গুনা, পেরেক ইত্যাদি ক্রয় বাবদ প্রতি প্রকল্পে বরাদ্দকৃত খাদ্যশস্যের সর্বোচ্চ ৫০% পর্যন্ত খাদ্যশস্য বিক্রয় করা যাইবে। এ ধরনের প্রকল্পে নিয়োজিত শ্রমিকের মজুরী গম/চাল দ্বারা পরিশোধ করিতে হইবে। টিআর কর্মসূচীর চাল নগদায়নের ক্ষেত্রে বিক্রয়মূল্য সরকার কর্তৃক নির্দ্ধারিত হবে। মাটির কাজের ক্ষেত্রে শ্রমিকের মজুরী অবশ্যই চাল/গম দ্বারা পরিশোধ করিতে হইবে।

১০।	শ্রমিক মজুরীর হারঃ সরকারের গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ কর্মসূচীতে গম অথবা চাল ব্যবহৃত হইবে। গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ কর্মসূচীর অধীনে শ্রমিকদের মজুরীর হার দিনে প্রতি ৭ (সাত) ঘন্টা কাজের বিনিময়ে ৮ (আট) কেজি চাউল/ গম ধার্য করা হইয়াছে। প্রকল্প ভিত্তিক দৈনিক মাথাপিছু কাজের পরিমাণ নিম্নোক্তভাবে ধার্য করা হইলঃ **<u>প্রকল্পের বিবরণ</u>** — **<u>দৈনিক কাজের পরিমাণ</u>** (ক) বাধঁ ও রাস্তা মেরামত এবং সংরক্ষণ — ৫৮ ঘনফুট বা ১.৬০ ঘনমিটার (খ) নালা নর্দমা খনন ও পূনঃ খনন — ৫৬ ঘনফুট বা ১.৩০ ঘনমিটার (গ) অন্যান্য কাজ — একজন শ্রমিক ৭ ঘন্টায় যে পরিমান কাজ করিতে পারে।
১১	**প্রকল্প বাছাই ও প্রণয়নঃ** গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ কর্মসূচীর আওতায় নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করা যাইবেঃ (ক) বিগত বছরে বাস্তবায়িত কাবিখা প্রকল্পের রক্ষণাবেক্ষণ কাজ। (খ) বাঁধ ও রাস্তা মেরামত। (গ) নালা নির্মাণ/সংস্কার, নর্দমা খনন এবং সংরক্ষণ। (ঘ) শিক্ষা/জনকল্যাণমূলক প্রতিষ্ঠান সমূহ মেরামত/উন্নয়ন। (ঙ) সেনিটারী ল্যাট্রিন নির্মাণসহ জনস্বাস্থ্য এবং পরিবেশ উন্নয়নকল্পে জনহিতকর কার্য সম্পাদন। (চ) গ্রামীণ যাতায়াত ব্যবস্থার সুবিধার্থে বাঁশ/কাঠের সাঁকো নির্মাণ। পানি নিষ্কাশনের পর্যাপ্ত ব্যবস্থা রাখিয়া প্রকল্প গ্রহণ করিতে হইবে। পরিপত্রে সংযোজিত প্রকল্প ছকে (সংযোজনী-১ অনুযায়ী) প্রকল্প প্রণয়ন করিতে হইবে। ব্যক্তিগত সম্পত্তি উন্নয়নের জন্য কোন সম্পদ বরাদ্দ দেওয়া যাইবে না।
১২।	**প্রকল্প বাস্তবায়ন সময়সীমাঃ** (ক) অধিদপ্তর হইতে বরাদ্দ প্রাপ্তির ২০ (বিশ) দিনের মধ্যে সকল কার্যক্রম সম্পন্ন করিয়া উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রতিটি প্রকল্পের ১ম কিস্তির খাদ্যশস্য বরাদ্দ আদেশ জারী এবং প্রকল্পের কাজ আরম্ভ করিতে হইবে। (খ) প্রকল্পের কাজ আরম্ভ করার পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে প্রকল্পের কাজ শেষ করিতে হইবে এবং প্রকল্পের খাদ্যশস্য উত্তোলন সম্পন্ন করিতে হইবে। (গ) প্রয়োজনে প্রকল্পের বাস্তবায়ন সময়সীমা খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয় বাড়াইতে বা কমাইতে পারিবে। (ঘ) নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়ন করা না হইলে জারীকৃত বরাদ্দ বাতিল বলিয়া গণ্য হইবে।
১৩।	প্রকল্পে বরাদ্দের সীমাবদ্ধতাঃ গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ কর্মসূচীর একটি প্রকল্পে সর্বনিম্ন ১ (এক) মেঃ টন এবং সর্বোচ্চ ৫ (পাঁচ) মেঃ টন গম/ চাউল বরদ্দ করার বিধান সর্বক্ষেত্রে পালিত হইবে।
১৪।	মাস্টাররোল ও রেকর্ডপত্র সংরক্ষণঃ এই কর্মসূচীর অধীনে প্রাপ্ত খাদ্যশস্যের হিসাব রাখার জন্য মাস্টার রোল, ভাউচার এবং প্রত্যেক শ্রমিকের মজুরীর প্রাপ্তি স্বীকার প্রকল্প বাস্তবায়ন কমিটিকে গ্রহণ করিতে হইবে। প্রকল্প বাস্তবায়নের জন্য শ্রমিক নিয়োগ, কাজের তদারকি, খাদ্যশস্য এবং মাস্টার রোল সংরক্ষণের সম্পূর্ণ দায়িত্ব সংশ্লিষ্ট প্রকল্প বাস্তবায়ন কমিটির উপর ন্যস্ত থাকিবে। প্রকল্প সমাপ্তির ১৫(পনের) দিনের মধ্যে প্রকল্প বাস্তবায়ন কমিটি প্রকল্প সমাপ্তি প্রতিবেদনসহ (সংযোজনী-৪ মোতাবেক) বাস্তবায়িত কাজের মাস্টার রোল/বিল ভাউচার ভবিষ্যত নিরীক্ষার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার নিকট দাখিল করিবেন। রশিদমূলে পিআইওর (PIO) কার্যালয় সঠিক মাস্টাররোলসহ অন্যান্য কাগজপত্র গ্রহণ করিবে এবং মাস্টার রোল ও ভাউচার সমূহ অবশ্যই কর্তৃপক্ষ কর্তৃক সমন্বয় করিতে হইবে।
১৫।	পরিবহন খরচঃ খাদ্যশস্যের পরিবহন ব্যয় নিম্নরূপভাবে হইবেঃ- <u>দূরত্বের পরিমাণ</u> — <u>দর</u> ১। সমতল এলাকার জন্যঃ (ক) ১-১০ কিঃ মিঃ পর্যন্ত — ২৩০/- (খ) ১১-২০ কিঃ মিঃ পর্যন্ত — ২৮০/- (গ) ২১ কিঃ মিঃ এবং তদূর্দ্ধ — ৩০০/- ২। হাওড় এলাকার জন্যঃ (ক) ১-১০ কিঃ মিঃ পর্যন্ত — ২৭০/- (খ) ১১-২০ কিঃ মিঃ পর্যন্ত — ৩২০/- (গ) ২১ কিঃ মিঃ এবং তদূর্দ্ধ — ৩৫০/-

	৩। রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান জেলার জন্যঃ (ক) ১-১০ কিঃ মিঃ পর্যন্ত ৩০০/- (খ) ১১-২০ কিঃ মিঃ পর্যন্ত ৩৫০/- (গ) ২১ কিঃ মিঃ এবং তদূর্দ্ধ ৩৮০/- আলোচ্য পরিবহন ব্যয়ের ৬০ শতাংশ বাজেট বরাদ্দ থেকে এবং ৪০ শতাংশ খালি বস্তা বিক্রয়লব্ধ অর্থ হইতে মেটানো হইবে। খালি বস্তার মূল্য ২৫/-(পঁচিশ) টাকার কম হইবে না। যদি একটি খালি বস্তার মূল্য ২৫/- (পঁচিশ) টাকার কম হয় তাহা হইলে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার নিজ দায়িত্বে কি কারণে কম মূল্যে বস্তা বিক্রয় করিতে হইয়াছে তা পরীক্ষা করিয়া দেখিবেন এবং সেইভাবে প্রয়োজনীয় সমন্বয় করিবেন এবং অতিরিক্ত পরিবহন খরচের প্রয়োজন হইলে জেলা প্রশাসকের মাধ্যমে অধিদপ্তরে প্রসন্তাব প্রেরণ করিবেন। আর্থিক বছর শেষে এই খাতের অব্যয়িত অর্থ সরকারের নির্ধারিত খাতে জমা করিতে হইবে।
১৬।	প্রকল্পের প্রতিবেদনঃ জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা জেলাধীন সকল উপজেলা/ পৌরসভা কর্তৃক গৃহীত প্রকল্পের কাজের অগ্রগতির মাসিক প্রতিবেদন সংলগ্নী-৬ অনুযায়ী প্রণয়ন করিয়া মহাপরিচালক, ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তরের নিকট পাঠাইবেন। ইহাছাড়া জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা তাঁহার জেলাধীন কর্মসূচী তত্ত্বাবধান করিবেন এবং প্রকল্পসমূহের চূড়ান্ত (সংলগ্নী-৭ অনুযায়ী) প্রতিবেদন খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের পরিকল্পনা প্রকৌশল কোষ এবং মহাপরিচালক, ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তরে নির্ধারিত তারিখের মধ্যে প্রেরণ করিবেন।
১৭।	প্রকল্প বাস্তবায়ন কমিটি কর্তৃক রেকডর্পত্র দাখিলঃ প্রকল্প বাস্তবায়ন কমিটি নির্ধারিত কাজ প্রাক্কলন মোতাবেক শেষ হওয়ার ৩ (তিন) দিনের মধ্যে প্রকল্প সমাপনী প্রতিবেদন (সংলগ্নী-৪) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার (পিআইও) নিকট জমা দিবেন। কাজ শেষ হওয়ার ১৫(পনের) দিনের মধ্যে মাস্টার রোল (সংলগ্নী-৫), প্রকল্প বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী, পরিবহণ খরচের বিল একই কর্তৃপক্ষের নিকট জমা দিতে হইবে। রেকর্ডপত্র দাখিলে ব্যর্থ হইলে মনে করা হইবে যে, বরাদ্দকৃত খাদ্যশস্য আত্মসাৎ করা হইয়াছে এবং আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করিতে হইবে। হিসাব ও মাস্টার রোল সন্তোষজনকভাবে দাখিল করিতে ব্যর্থ প্রকল্প বাস্তবায়ন কমিটির বিরুদ্ধে উপজেলা নির্বাহী কর্মকর্তা যথাযথ ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন। তবে হিসাব ও মাস্টার রোল সন্তোষজনক ভাবে দাখিল করিতে ব্যর্থ হওয়ার প্রাথমিক কারণ নির্ধারণ ও দায়ী ব্যক্তি/ব্যক্তিদের চিহ্নিত করার দায়িত্ব উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার উপর ন্যস্ত থাকিবে। তিনি দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য সুস্পষ্ট মতামত সহ প্রতিবেদন সংশ্লিষ্ট কর্তৃপক্ষের বরাবরে প্রেরণ করিবেন এবং অনুলিপি খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয় এবং ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তরেও প্রেরণ করিবেন।
১৮।	উদ্বৃত্ত গম/চাউল/বিক্রয় মূল্য আদায়ঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা প্রকল্প বাস্তবায়ন কমিটির বরাবরে অর্পনাদেশ প্রদানের সুপারিশ এমনভাবে করিবেন যাহাতে প্রকল্প বাস্তবায়ন শেষে উত্তোলিত কোন গম/চাউল উদ্বৃত্ত না থাকে। ইহার পরেও কোন কারনে গম/চাউল অব্যয়িত হইলে, প্রকল্প সমাপ্তির ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে অব্যয়িত গম/চাউল এর **বিক্রয়মূল্য সরকার কর্তৃক নির্ধারিত মূল্যে** এবং সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা সরকারী কোষাগারে নির্ধারিত খাতে জমা প্রদানের ব্যবস্থা করিয়া উহার চালানের কপি রেজিষ্ট্রি ডাকযোগে ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তরে প্রেরণ করিবেন। কাজ সমাপ্তির নির্ধারিত সময়সীমার ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে গম/চাউল এর মূল্য প্রদান করিতে ব্যর্থ হইলে সংশ্লিষ্ট প্রকল্প বাস্তবায়ন কমিটির চেয়ারম্যানের নিকট হইতে দ্বিগুণ হারে গম/চাউলের মূল্য **(সরকারের নির্ধারিত মূল্য)** আদায় করিতে হইবে। দ্বিগুণ হারে গম/চালের মূল্য **(সরকার নির্ধারিত মূল্য)** আদায়ে ব্যর্থ হইলে পিডিআর এ্যাক্ট অনুযায়ী মামলা দায়ের করিয়া সরকারী পাওনা আদায়ের ব্যবসহা নেওয়া যাইবে।
১৯।	অনুমোদিত প্রকল্প পরিবর্তনঃ কোন কারণে অনুমোদিত প্রকল্প বাস্তবায়নে প্রতিবন্ধকতার সৃষ্টি হইলে, তাহা বাতিল করিয়া অন্য কোন প্রকল্প বাস্তবায়নের প্রস্তাব বা প্রকল্পের গতিপথ পরিবর্তনের প্রয়োজন হইলে, তাহা প্রকল্প বাস্তবায়নের নির্ধারিত সময়ের মধ্যে উপজেলা/ পৌরসভা গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।
২০।	প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতির মৃত্যু হইলে বা কোন কারণে তিনি দায়িত্ব পালনে অপারগ হইলে বা অপসারিত হইলে, কমিটির অন্যান্য সদস্যদের মধ্য হইতে একজনকে সভাপতি নির্বাচন করা যাইবে এবং সেক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার/ মেয়র, পৌরসভার অনুমোদন গ্রহণ করিতে হইবে।
২১।	সরকার পরিসিহতি বিবেচনায় এই পরিপত্রের যে কোন অংশ পরিবর্তন, পরিবর্ধন এবং পরিমার্জন করিতে পারিবে।
২২।	এই পরিপত্র অবিলম্বে কার্যকর হইবে এবং এই মন্ত্রণালয়ের পূর্বের জারীকৃত এতদসংক্রান্ত সকল আদেশ/পরিপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

(মোহাম্মদ আবদুল ওয়াজেদ)
যুগ্ম-সচিব (দুঃ ব্যঃ)
খাদ্য ও দুর্যোগ ব্যবসহাপনা মন্ত্রণালয়

নং-খাদুব্যম/ত্রাক-১/১(১)/২০০৯-২০১০/ তারিখ-২৩/০৮/২০০৯ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবসহা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। মাননীয় সংসদ সদস্য,...
৪। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বংগভবন, ঢাকা।
৫। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৬। সচিব, সহানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ , রাংগামাটি/বান্দরবন/খাগড়াছড়ি।
৮। কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল বিভাগ।
৯। যুগ্ম-সচিব (দুঃ ব্যঃ /খাদ্য), খাদ্য ও দুর্যোগ ব্যবসহাপনা মন্ত্রণালয়, ঢাকা।
১০। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬, আবদুল গনি রোড, ঢাকা।
১১। মহাপরিচালক, ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর, ৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা।
১২। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল সিটি কর্পোরেশন।
১৩। পরিচালক (সকল), ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তর, ৯২-৯৩, মহাখালী, ঢাকা-১২১২।
১৪। মন্ত্রীর একান্ত সচিব, খাদ্য ও দুর্যোগ ব্যবসহাপনা মন্ত্রণালয়, ঢাকা।
১৫। উপ-প্রধান (পরিকল্পনা প্রকৌশল কোষ), খাদ্য ও দুর্যোগ ব্যবসহাপনা মন্ত্রণালয়, ঢাকা।
১৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবসহাপনা মন্ত্রণালয়, ঢাকা।
১৭। উপজেলা চেয়ারম্যান, ...(সকল)
১৮। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা....................................জেলা.....................................।
১৯। সচিবের একান্ত সচিব, খাদ্য ও দুর্যোগ ব্যবসহাপনা মন্ত্রণালয়, ঢাকা।
২০। জেলা খাদ্য নিয়ন্ত্রক, ...(সকল)।
২১। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, ...(সকল)।
২২। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ...(সকল)।
২৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উপজেলা.......................................জেলা.....................................।

(সালাহ উদ্দিন মাহমুদ)
উপ-সচিব (ত্রাক-১)
খাদ্য ও দুর্যোগ ব্যবসহাপনা মন্ত্রণালয়।

গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ কর্মসূচী প্রকল্প ছক

আর্থিক বৎসরঃ   খাতঃ সাধারণ / বিশেষ

১। জেলাঃ   উপজেলাঃ   ইউনিয়নঃ

২। প্রকল্পের নামঃ

৩। প্রত্যাশিত গম/চাউলের পরিমানঃ   মেঃ টন।

৪। প্রকল্পের বিবরণঃ (শুধুমাত্র অপরিহার্য মাটির কাজের ক্ষেত্রে যেমন প্রতিষ্ঠানের ভিটিতে মাটি ভরাট ইত্যাদি)
(ক) মাটির পরিমান ....ঘনফুট ।
(খ) শ্রম দিবস... দিন ।
(গ) মজুরী হার.. কে,জি/টাকা।
(ঘ) অন্যান্য সামগ্রী ক্রয়ের বিস্তারিত বিবরণ ....।

৫। ইতোপূর্বে প্রস্তাবিত প্রকল্পে খাদ্য ও দুর্যোগ ব্যবসহাপনা মন্ত্রণালয় হইতে কোন গম/চাউল বরাদ্দ হইয়াছে কি না ?
(ক) হইয়া থাকিলে গম /চাউলের পরিমান .... মেঃ টন, অর্থ বছরে ....
৬। প্রকল্প বাস্তবায়নের সময়সীমাঃ   দিন

স্বাক্ষর ও সীল...............................
উপজেলা প্রঃ বাঃ কর্মকর্তার নামঃ
তারিখঃ

স্বাক্ষর ও সীল ....
উপজেলা নির্বাহী অফিসারের/পৌরসভার মেয়রের নামঃ
তারিখঃ

সংলগ্নী - ২

গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ কর্মসূচী প্রকল্প বাস্তবায়ন কমিটি

প্রকল্প নং-..আর্থিক বৎসরঃ ....

প্রকল্পের নামঃ ....

ওয়ার্ড নংঃ .... বরাদ্দঃ .... মেঃ টন

কমিটির বিবরণ

ক্রঃ নং	সদস্যের নাম, পিতা/স্বামীর নাম ও ঠিকানা	পরিচয়	কমিটির পদবী	স্বাক্ষর

স্বাক্ষর
চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ / মেয়র পৌরসভা

গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ কর্মসূচী প্রকল্পের পণ্য অধিযাচন পত্র

১। প্রকল্প নং ঃ

২। প্রকল্পের নামঃ

৩। প্রকল্পের জন্য মোট বরাদ্দকৃত গম/চাউল পরিমাণঃ

৪। এখন উত্তোলনের জন্য চাহিদাকৃত গম/চাউলের পরিমাণঃ

৫। অবশিষ্ট গম/চাউলের পরিমাণঃ

৬। প্রকল্পের কাজের সময়সীমা ....হইতে .... পর্যন্ত ।
উপরোক্ত বর্ণনার আলোকে চাহিদাকৃত গম/চাউল ছাড় করার জন্য অনুরোধ জানাইতেছি ।

প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতির স্বাক্ষরঃ
....
ইউনিয়নঃ
তারিখঃ

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার সুপারিশ

উপরোক্ত প্রকল্পের সভাপতি
জনাব .... অনুকুলে ১ম/২য় কিস্তিতে ....
মেঃ টন গম/চাউল উত্তোলনের জন্য অপর্ণাদেশ জারী করা যাইতে পারে।

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
তারিখঃ

জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী অফিসারের আদেশ

প্রকল্প নং............................... এর জন্য বরাদ্দকৃত গম/চাউল হইতে ১ম/২য় কিস্তিতে .... মেঃ টন গম /চাউল ছাড়পত্র প্রদানের অনুমতি দেওয়া হইল।

জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার
তারিখঃ

সংলগ্নী-৪

<u>গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ প্রকল্প সমাপ্তি প্রতিবেদন</u>

(প্রকল্প ও বাস্তবায়ন কমিটি প্রকল্প সমাপ্তির ৩ দিনের মধ্যে পূরণ করিয়া পৌরসভা ও জেলার ক্ষেত্রে জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তার নিকট এবং উপজেলার ক্ষেত্রে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার নিকট জমা দিবেন)।

১। (ক) প্রকল্প নং ঃ (খ) আর্থিক বৎসরঃ

২। প্রকল্পের নামঃ

৩। প্রকল্পের অবসহানঃ পৌরসভা/ ইউঃ পিঃ- ওয়ার্ড নং-
উপজেলা - জেলা-

৪। প্রকল্পের বরাদ্দ ও ব্যয় বিবরণী (উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়/ জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তার কার্যালয়)।

বরাদ্দকৃত খাদ্যশস্যের ছাড়পত্র নং	তারিখ	বরাদ্দকৃত খাদ্যশস্যের পরিমাণ	ব্যয়িত খাদ্যশস্যের পরিমাণ	অবশিষ্ট খাদ্যশস্যের পরিমাণ	মন্তব্য

৫। বাস্তবায়িত কাজের বিবরণঃ-

(ক) মাটির কাজ	
(খ) অন্যান্য কাজ	

৬। বরাদ্দ উত্তোলনের বিবরণী

খাদ্য বিভাগের ডি ও নং	তারিখ	খাদ্য গুদাম হইতে বরাদ্দ উত্তোলনের তারিখ	বস্তা সংখ্যা

৭(ক) কাজ আরম্ভের তারিখঃ (খ) কাজ সমাপ্তির তারিখঃ

৮। ব্যয়িত খাদ্যশস্যের মাষ্টার রোল কর্তৃপক্ষের নিকট জমা দেওয়ার তারিখঃ................................
(মাষ্টার রোল আবশ্যিকভাবে জমা প্রদান করতে হবে)
৯। কোন খাদ্যশস্য অবশিষ্ট থাকলে অবশিষ্ট থাকার কারণঃ-

স্বাক্ষর...
নাম...
চেয়ারম্যান, প্রকল্প বাস্তবায়ন কমিটি
তারিখ......................................

স্বাক্ষর...
নাম...
সেক্রেটারী, প্রকল্প বাস্তবায়ন কমিটি
তারিখ-......................................

সংলগ্নী-৫

সমন্বিত মাষ্টার রোল ফরম
(গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ প্রকল্পে ব্যবহারের জন্য)

প্রকল্প নং-　　　　আর্থিক বৎসরঃ　　　　উপজেলা-　　　　জেলা-

প্রকল্পের নামঃ　　　　পৌরসভা/ইউনিয়ন পরিষদ

ক্র নং	শ্রমিকদের নাম, পিতার নাম, দলপতির নাম ও ঠিকানা	হাজিরা তারিখ মাস						মোট দিন	কাজের পরিমাণ	গম/ চাউল প্রদানের হার	পাওয়া গম/চাউলের পরিমাণ	প্রাপকের স্বাক্ষর	সনাক্তকারীর স্বাক্ষর	বিতরণ কারীর স্বাক্ষর	মন্তব্য

আমরা এতদ্বারা সার্টিফিকেট প্রদান করিতেছি যে, প্রকল্পের কাজ সন্তোষজনকভাবে সম্পন্ন হইয়াছে ও প্রাপকের পাওনা গম/ চাউলের পরিমাণ অনুযায়ী ঠিকভাবে দেওয়া হইয়াছে।

স্বাক্ষর
....　　১। ....৩।............................. সদস্য
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা　　স্বাক্ষরঃ চেয়ারম্যান,প্রঃ কমিটি　　৪। ....সদস্য
.... সদস্য　　২। ....　　৫। .... সদস্য
স্বাক্ষরঃ সেক্রেটারী, প্রঃ কমিটি
.... সদস্য

প্রতিস্বাক্ষর
....
উপজেলা নির্বাহী অফিসার/মেয়র পৌরসভা

সংলগ্নী-৬

গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ প্রকল্পের অগ্রগতির মাসিক প্রতিবেদন

জেলা- উপজেলা-

আর্থিক সন - মাসের নাম

ক্রমিক নং	প্রকল্পের নাম	বরাদ্দকৃত চাউল/ গমের পরিমাণ	উত্তোলিত চাউল/ গমের পরিমাণ	বিলিকৃত চাউল/ গমের পরিমাণ	মাটির কাজ		অন্যান্য কার্যাবলী পরিমানের একক/ মাথা পিছু কাজের সময় (ঘন্টায়)	শ্রম দিবস	বাস্তব কাজের অগ্রগতির হার (%)
					ঘনফুট	দিবস			
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০

স্বাক্ষরঃ
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা

সংলগ্নী -৭

গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ কর্মসূচীর চুড়ান্ত প্রতিবেদন

অর্থ বৎসরঃ জেলাঃ

উপজেলার নাম	বরাদ্দকৃত চাউল/ গমের পরিমান (মেঃ টন)।	বাস্তবায়িত প্রকল্পের সংখ্যা	উত্তোলিত চাউল/ গমের পরিমাণ (মেঃ টন)।	ব্যবহৃত চাল/গমের পরিমাণ (মেঃ টন)।	অবশিষ্ট (মেঃ টন)।	যে পরিমাণ চাউল/ গমের মাষ্টার রোল পাওয়া গিয়াছে	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা

উপজেলা নির্বাহী অফিসার